# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেসব জায়গায় রফ‘উল ইয়াদাইন করার কথা আমরা বর্ণনা করলাম, সেসব জায়গায় রফ‘উল ইয়াদাইন করার সময় হাতকে জামার আস্তিন থেকে বের করা মুস্তাহাব

ذِكْرُ مَا يُستحب لِلْمُصَلِّي إِخْرَاجُ الْيَدَيْنِ مِنْ كُمَّيْهِ عِنْدَ رَفْعِهِ إِيَّاهُمَا فِي الْمَوْضِعِ الَّذِي وصفناه

---

আরবী

1859 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جُحَادَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ: (كُنْتُ غُلَامًا لَا أَعْقِلُ صَلَاةَ أَبِي فَحَدَّثَنِي وَائِلُ بْنُ عَلْقَمَةَ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ: صَلَّيْتُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ إِذَا دَخَلَ فِي الصَّفِّ رَفَعَ يَدَيْهِ وَكَبَّرَ ثُمَّ الْتَحَفَ فَأَدْخَلَ يَدَهُ فِي ثَوْبِهِ فَأَخَذَ شِمَالَهُ بِيَمِينِهِ فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ أَخْرَجَ يَدَيْهِ وَرَفَعَهُمَا وَكَبَّرَ ثُمَّ رَكَعَ فَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ رَفَعَ يَدَيْهِ فَكَبَّرَ فَسَجَدَ ثُمَّ وَضَعَ وَجْهَهُ بَيْنَ كَفَّيْهِ.

قَالَ ابْنُ جُحَادَةَ: فَذَكَرْتُ ذَلِكَ لِلْحَسَنِ بْنِ أَبِي الْحَسَنِ فَقَالَ: هِيَ صَلَاةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَهُ مَنْ فَعَلَهُ وتركه من تركه.

الراوي : وَائِلِ بْنِ حُجْرٍ الْحَضْرَمِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1859 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: مُحَمَّدُ بْنُ جُحَادَةَ مِنَ الثِّقَاتِ الْمُتْقِنِينَ وَأَهْلُ الْفَضْلِ فِي الدِّينِ إِلَّا أَنَّهُ وَهِمَ فِي اسْمِ هَذَا الرَّجُلِ إِذِ الْجَوَادُ يَعْثُرُ فَقَالَ: وَائِلُ بْنُ عَلْقَمَةَ وَإِنَّمَا هُوَ: عَلْقَمَةُ بْنُ وَائِلٍ.

বাংলা

১৮৫৯. ওয়াইল বিন হুজর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাত আদায় করেছি, তিনি যখন সালাতের কাতারে প্রবেশ করতেন, তখন রফ‘উল ইয়াদাইন করতেন এবং তাকবীর দিতেন অতঃপর কাপড় শরীরে জড়িয়ে নিতেন। তিনি তাঁর হাতকে কাপড়ে ঢুকিয়ে নিতেন এবং ডান হাত দিয়ে বাম হাতকে ধরতেন।অতঃপর যখন রুকূ‘ করার ইচ্ছা করতেন, তখন তখন তিনি তাঁর হাত বের করে রফ‘উল ইয়াদাইন করতেন এবং তাকবীর দিতেন। তারপর তিনি রুকূ‘ করতেন। অতঃপর যখন তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করতেন, তখন তিনি রফ‘উল ইয়াদাইন করতেন এবং তাকবীর দিতেন। অতঃপর তিনি তাঁর কপালকে দুই হাতের তালুর মাঝে রাখতেন এবং সাজদা করতেন ।”

ইবনু জুহাদাহ বলেন, “অতঃপর আমি হাদীসটি হাসান বিন আবুল হাসানকে বললে তিনি বলেন, “এটিই ছিল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত। যে এমনটা করার করছে আর যে ছাড়ার তা ছেড়ে দিয়েছে!”

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “মুহাম্মাদ বিন জুহাদাহ একজন নির্ভরযোগ্য মজবূত রাবী, দ্বীনদার ব্যক্তিত্ব। তবে তিনি এখানে রাবীর নাম বলার ক্ষেত্রে ভুল করেছেন। কারণ উৎকৃষ্ট মানের ঘোড়াও কখনো কখনো হোঁচট খায়। তিনি বলেছেন, “ওয়াইল বিন আলকামা। বস্তুত সেটি হবে আলকামা বিন ওয়াইল।” [1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩১৭; সহীহ মুসলিম: ৪০১; সুনান বাইহাকী: ২/৭১; তাবারানী আল কাবীর: ২২/৬১; দারাকুতনী: ১/২৯১; বাগাবী: ৫৬৯; নাসাঈ: ২/১৯৮।
আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৮৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন